দৈনিক বাংলা

তারিখ ... 27/1/80 ... ...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...



# কুষ্ঠরোগের টিকা আবিষ্কৃত

লন্ডন, ২৬শে জানুয়ারী (এপি)।—বৃটেনের জাতীয় চিকিৎসা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা কুষ্ঠ রোগের টিকা আবিষ্কারে সফল হয়েছেন বলে দাবী করেছেন। ইতিমধ্যেই গবেষণাগারে এবং কিছু কিছু স্বেচ্ছাকর্মীর ওপর এই টিকাবীজ সাফল্যের সঙ্গে পরীক্ষা করে দেখা হয়েছে।

দু বছরের আর্মাডিলোর শরীর থেকে কুষ্ঠরোগের মৃত জীবাণু দিয়ে এই টিকাবীজ তৈরি করা হয়েছে। স্কুলগামী ছেলেমেয়েদের শরীরে এর মাত্র এক আউন্স প্রয়োগ করা হলে বার বার ইঞ্জেকশন নেবার ঝামেলা পোহাতে হবে না এবং শেষ পর্যন্ত বিশ্বের বুক থেকে এই ব্যাধি নির্মূল হয়ে যাবে। এই টিকাবীজ আজ একান্তই প্রয়োজন হয়ে পড়েছে এই কারণে যে, বর্তমান যুগের ওষুধ দিয়ে এই রোগ ঠেকানো যাচ্ছে না।

মানব দেহের ওপর এই টিকাবীজের ব্যাপক ও পূর্ণাঙ্গ পরীক্ষা-নিরীক্ষা, কিভাবে, কোথায় ও কোন পর্যায়ে চালানো হবে তা নিয়ে বিশ্বস্বাস্থ্য সংস্থার কর্মকর্তারা আগামী মাসে জেনেভায় বৈঠকে বসবেন। হাজার হাজার লোকের ওপর এই পরীক্ষা চালানো হবে বলে অনুমান করা হচ্ছে। তবে বিজ্ঞানীদের ধারণা, এই টিকাবীজের কার্যকারিতা প্রমাণিত হবার জন্য দশ বছর লাগতে পারে।

একটা আর্মাডিলোর কাছ থেকে

১০-এর পৃঃ দ্রঃ

## কুষ্ঠরোগের

(৪-এর পৃঃ পর)

২৫ হাজার টিকা ডোজ পাওয়া যেতে পারে। তবে উত্তর ও দক্ষিণ আমেরিকার এই প্রাণীটির সংখ্যা কম থাকায় স্বভাবতই এর প্রাপ্তিসাধ্যতাকে সীমাবদ্ধ করে দিয়েছে। তবে সজারু অথবা গবেষণাগারে লালিত লোমহীন ইঁদুরের নরম টিস্যু থেকেও একই টিকাবীজ পাওয়া যেতে পারে।

এযাবৎ আর্মাডিলোর দেহ থেকে কুষ্ঠ রোগের মৃত জীবাণুগুলোকে সেগুলোর প্রতিষেধক উপাদান নষ্ট না করে সংগ্রহ করা সহজ হয়নি। তবে বৃটেনের এই ইনস্টিটিউটের তিনজন বিজ্ঞানী এই সমস্যা কাটিয়ে উঠেছেন।